**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 28-04.2026** **Desk in Charge : SDG**
**Time : 1-40 PM** **Compile : Suvankar B./ Arka S.**
**DEO : KB** **NRT : Arka S.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় তথা শেষ দফায় আগামীকাল ভোট গ্রহণ। জোরকদমে চলছে চূড়ান্ত প্রস্তুতি। কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে কমিশন।

২/ সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অ্যাপিলেট ট্রাইবুনালে অন্তর্ভুক্ত ১’ হাজার ৪৬৮ জন, এই দফায় ভোট দিতে পারবেন।

৩/ প্রথম দফার মতোই এই দফাতেও ভোটগ্রহণ অবাধ ও শান্তিপূর্ণ হবে বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে।

৪/ দেশে প্রবল তাপপ্রবাহের প্রেক্ষিতে আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য পশ্চিমবঙ্গ সহ ২১ টি রাজ্য ও দিল্লির মুখ্য সচিবকে নির্দেশ দিয়েছে, জাতীয় মানবাধিকার কমিশন।

৫/ ISL ফুটবলের ম্যাচে আজ ইস্টবেঙ্গল, ওড়িশা এফসি-র বিরুদ্ধে খেলবে।

*****************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয়, তথা শেষ দফায় আগামীকাল ভোটগ্রহণ। এজন্য জোরকদমে চলছে চূড়ান্ত প্রস্তুতি। আদপে সাতটি জেলা হলেও কলকাতা উত্তর ও দক্ষিণ মিলিয়ে মোট আটটি নির্বাচনী জেলায় আগামীকাল সকাল সাতটায় ভোটগ্রহণ শুরু হবে। ১৪২ টি আসনে ভোট গ্রহণ চলবে সন্ধ্যে ৬ টা পর্যন্ত। ৩ কোটি ২১ লক্ষ ৭৩ হাজার ৮৩৭ জন ভোটার এই দফায় তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন।

৭'টি জেলায় কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে কমিশন।

দ্বিতীয় দফার ভোটের আগে সুপ্রিম কোর্টের নির্দেশমতো ফের অতিরিক্ত ভোটার তালিকা প্রকাশ করল নির্বাচন কমিশন। ট্রাইবুনালে জমা পড়া আবেদনের নিষ্পত্তির পর নতুন তালিকায় জায়গা পেলেন ১ হাজার ৪ শো ৬৮ জন ভোটার। একই সঙ্গে তালিকা থেকে বাদ গিয়েছে ৬ জনের নাম। কমিশনের তরফে জানানো হয়েছে, সদ্য প্রকাশিত এই অতিরিক্ত তালিকায় যাঁদের নাম অন্তর্ভুক্ত হয়েছে, তাঁরা ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। দ্বিতীয় দফায় প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ১ হাজার ৪৪৮ জন প্রার্থী। মহিলা প্রার্থীর সংখ্যা ২২০ জন। আয়তনের নিরিখে সব থেকে বড় বিধানসভা কেন্দ্র নদীয়ার কল্যাণী এবং সবচেয়ে ছোটো কলকাতার জোড়াসাঁকো।

অন্যদিকে, হুগলীর চুঁচুড়া বিধানসভার ভোটার সংখ্যা সর্বাধিক-২ লক্ষ ৭৫ হাজার ৭১৫। সবচেয়ে কম ভোটার রয়েছে উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায়, ১ লক্ষ ১৭ হাজার ১৯৫ জন।

মোট ২ হাজার ৩২১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী, এই দফায় মোতায়েন করা হচ্ছে। পাশাপাশি থাকছেন ১৪২ জন সাধারণ পর্যবেক্ষক, ৯৫ জন পুলিশ পর্যবেক্ষক এবং ১০০ জন ব্যয় পর্যবেক্ষক।

************************

দ্বিতীয় দফায় ৩৯ হাজার ৩০১-টি প্রধান ও ১ হাজার ৭-শো অক্সিলিয়ারি সহ মোট ৪১ হাজার ১-টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। এর মধ্যে শহরাঞ্চলে ১৪ হাজার ২১৮ এবং গ্রামাঞ্চলে ২৫ হাজার ৮৩-টি প্রধান ভোটগ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা ৮ হাজার ৮৪৫ –টি ২৯৮-টি মডেল ভোটগ্রহণ কেন্দ্র থাকছে। বিশেষভাবে সক্ষম ব্যক্তিরা ১৩-টি ভোটগ্রহণ কেন্দ্র পরিচালনা করবেন। উল্লেখ্য, রাজ্যে

প্রথম দফার নির্বাচনে গত ২৩শে এপ্রিল রেকর্ড ৯৩ দশমিক এক নয় শতাংশ ভোট পড়ে।

***********************

জেলা জুড়ে ভোট কর্মীদের প্রস্তুতি তুঙ্গে। হাওড়ার ১৬'টি বিধানসভা আসনে ভোটগ্রহণের প্রাক্কালে DCRC কেন্দ্রে, ইভিএম, ভিভিপ্যাট সহ অন্যান্য নির্বাচনী সামগ্রী বুঝে নিচ্ছেন তাঁরা। অক্সিলিয়ারি পোলিং স্টেশন সহ জেলায় মোট ভোটকেন্দ্রের সংখ্যা ৪ হাজার ৫শো ১৮'টি।

পূর্ব বর্ধমানে নির্বাচনী প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। সকাল থেকেই জেলার ১৬টি বিধানসভা আসনের জন্য ১২'টি DCRC কেন্দ্রে ভোট কর্মীরা হাজির হয়েছেন প্রয়োজনীয় সরঞ্জাম নিয়ে নিজ নিজ ভোট কেন্দ্রে যাওয়ার উদ্দেশ্যে। কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের নজরদারিতে চলছে সম্পূর্ণ প্রক্রিয়া।

নির্বাচন কমিশনের সামগ্রিক ব্যবস্থাপনায় তাঁরা নিশ্চিন্ত এবং ভয়মুক্ত হয়ে নির্বাচন করাতে যাচ্ছেন বলে জানিয়েছেন ভোটকর্মীরা।

***********************

কলকাতা বন্দর এলাকার খিদিরপুর, ওয়াটগঞ্জ ও একবালপুরে কোকাতা পুলিশের অ্যাডিশনাল কমিশনার ভি সলোমান নীশাকুমারের নেতৃত্বে ডিসি পোর্ট, বিভিন্ন থানার ওসি এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানসহ পুলিশ বাহিনী গতরাতে ভোটারদের আস্থা বৃদ্ধির জন্য এলাকায় টহল দেয়। এলাকায় ঘুরে তারা সাধারণ মানুষের সাথে কথা বলেন এবং অবাধ ও সুষ্ঠ ভোটের জন্য সবরকম নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে বলে আশ্বস্ত করেন।

এছাড়াও, কলকাতা পুলিশের অ্যাডিশনাল সিপি, অশেষ বিশ্বাস, ডিসি, এসিপি ও অন্যান্য আধিকারিক এবং কেন্দ্রীয় বাহিনীর কর্তাদের নিয়ে ইস্টার্ন সাবারবান ডিভিশনের বিভিন্ন আবাসনের বাসিন্দাদের সঙ্গে দেখা করে ভয়মুক্ত ও অবাধ সুষ্ঠ নির্বাচনের বিষয়ে আলোচনা করেন এবং তাদেরকে সুরক্ষার আশ্বাস দেন।

***********************

রাজ্যে দ্বিতীয় দফার ভোটের আগে নিরাপত্তা জোরদার করতে লাগাতার অভিযান চালাচ্ছে পুলিশ। সোমবার রাতেই ভোটমুখী জেলাগুলিতে আরও ৮০৯ জনকে গ্রেফতার

করা হয়েছে। এর ফলে দ্বিতীয় দফার ভোটের আগে মোট গ্রেফতারের সংখ্যা বেড়ে ২' হাজার ৩০০-রও বেশি হল।

নির্বাচন কমিশনের নির্দেশে অবাধ ও শান্তিপূর্ণ ভোট নিশ্চিত করতে গত কয়েক দিন ধরেই ধারাবাহিকভাবে অশান্তি সৃষ্টি কারীদের বিরুদ্ধে অভিযান চালাচ্ছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, আগাম সতর্কতামূলক পদক্ষেপ হিসেবেই এই ধরপাকড় চলছে। দুষ্কৃতী দমন, বেআইনি অস্ত্র ও মদ উদ্ধার এবং অশান্তির সম্ভাবনা রুখতেই বাড়ানো হয়েছে নজরদারি।

*************************

প্রথম দফার ভোটের মতোই পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার বিধানসভা ভোট অবাধ শান্তিপূর্ণ ও সুষ্ঠু হবে বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, মানুষের মধ্যে ভোট দেওয়ার ব্যাপারে যে প্রবল আগ্রহ তৈরী হয়েছে তা তিনি জেলাসফরে প্রত্যক্ষ করেছেন।

তিনি আরও বলেন, দ্বিতীয় দফায় আসন সংখ্যা কম ফলে এলাকা নিয়ন্ত্রণ বা 'এরিয়া ডমিনেশন' আরও কার্যকরভাবে করা সম্ভব হবে।

( বাইট- মনোজ আগরওয়াল )

*************************

দ্বিতীয় দফার ভোটের মুখে ২৬ জন আইপিএস এবং ডব্লিউ বি পি এস আধিকারিককে বিভিন্ন পুলিশ জেলা এবং পুলিশ কমিশনারেটের আইন শৃঙ্খলা রক্ষার জন্য অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। ডায়মন্ড হারবার পুলিশ জেলার জন্য আইপিএস সামির আহমেদ ও জর্জ অ্যালেন জন এবং ডব্লিউ বি পি এস আকাশদ্বীপ গেলটকে অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। একইভাবে সুন্দরবন, বারুইপুর, বনগাঁ, বসিরহাট, রানাঘাট, বারাসত, কৃষ্ণনগর পুলিশ জেলা, হুগলি ও হাওড়া গ্রামীণ, চন্দননগর, ব্যারাকপুর, হাওড়া পুলিশ কমিশনারেট এবং পূর্ব বর্ধমানের জন্য অতিরিক্ত দায়িত্ব দিয়ে নিয়ে আসা হয়েছে উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকদের।

এদিকে, কলকাতা পুলিশের অ্যাডিশানাল সিপি অশেষ বিশ্বাস সহ অন্য উচ্চ পদস্থ আধিকারিক এবং কেন্দ্রীয় বাহিনীর কর্তারা গতরাতে বিভিন্ন আবাসনের বাসিন্দাদের সঙ্গে দেখা করেন। ভয়মুক্ত ও অবাধ নির্বাচনের পাশাপাশি বাসিন্দাদের সুরক্ষার বিষয়ে আশ্বাস দেন তারা।

**********************

দ্বিতীয় দফার ভোটের প্রাক্কালে ওয়েব কাস্টিং ক্যামেরা ব্যবস্থাপনা ও তথ্য সংরক্ষণ নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর নতুন নির্দেশিকা জারি করেছে। গত সন্ধ্যায় জারি হওয়া নির্দেশে জানানো হয়েছে, ভোটগ্রহণ শেষ হওয়ার পর নির্দিষ্ট প্রক্রিয়া মেনে ক্যামেরা খুলে তা সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। একইসঙ্গে রিটার্নিং অফিসারদের তত্ত্বাবধানে দ্রুত পোলিং পার্টিকে নির্ধারিত নিরাপত্তা বিধি মেনে রিসিভিং সেন্টারে পাঠানোর ব্যবস্থা করার নির্দেশ দেওয়া হয়েছে। পোলিং পার্টি বেরিয়ে যাওয়ার পর বুথে থেকে যাবেন বিএলও, ভিএবি কর্মী এবং পুলিশ বা কিউ ম্যানেজমেন্ট কর্মীরা। তাঁদের দায়িত্ব থাকবে ওয়েব কাস্টিং ক্যামেরার নিরাপত্তা নিশ্চিত করা।

নির্দেশে আরও বলা হয়েছে, সেক্টর অফিসারের উপস্থিতিতে ওয়েব কাস্টিং ক্যামেরা খুলে তা সংশ্লিষ্ট রিসিভিং সেন্টারে জমা দিতে হবে। পুরো প্রক্রিয়াটি নির্দিষ্ট নিয়ম মেনে সম্পন্ন করতে হবে বলেও স্পষ্ট জানানো হয়েছে। এই নির্দেশ কঠোরভাবে মেনে চলার কথাও বলেছে কমিশন।

**********************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় ‘নতুন সরকারের কাছে মানুষের প্রত্যাশা’। রাত পোহালেই দ্বিতীয় দফার নির্বাচন, তার আগে সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষের সঙ্গে কথা বলে অষ্টাদশ বিধানসভা গঠনের পর নতুন সরকারের কাছে তাদের কি প্রত্যাশা জানতে চেষ্টা করেছেন আমাদের প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

**********************

জাতীয় মানবাধিকার কমিশন, দেশে তীব্র তাপপ্রবাহ পরিস্থিতি মোকাবিলায় আগাম সতর্কতামূলক ব্যবস্থা ও কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য রাজ্যগুলিকে নির্দেশ দিয়েছে। এই মর্মে পশ্চিমবঙ্গ-সহ দেশের ২১টি রাজ্য ও দিল্লির মুখ্যসচিবকে চিঠি পাঠিয়েছে কমিশন। জাতীয় বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপনার আওতায় তাপপ্রবাহ জনিত ক্ষতি ও প্রাণহানি ঠেকাতে কী কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা নিয়ে রাজ্যগুলিকে 'অ্যাকশন টেকেন রিপোর্ট' জমা দিতে হবে।

তাপপ্রবাহের ফলে দেশের প্রান্তিক, গৃহহীন ও অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে থাকা জনগোষ্ঠীগুলি ক্ষতিগ্রস্থ হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। এই সময় যারা বাইরে কাজে বেরতে বাধ্য হন তাদের দিকেও নজর দিতে বলেছে কমিশন।

উল্লেখ্য, ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো-NCRB-র রিপোর্ট অনুযায়ী ২০১৯ থেকে ২০23 পর্যন্ত অত্যধিক তাপ অথবা সান স্ট্রোকে দেশে ৩'হাজার ৭১২ জনের'ও বেশী মানুষের মৃত্যু হয়েছে।

***********************

কলকাতা পুলিশের STF, চিৎপুর থানা এলাকার BT রোড থেকে প্রচুর আগ্নেয়াস্ত্র সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। শামিম আলম নামে বিহারের নওদার বাসিন্দা বছর ৪০-এর ঐ ব্যক্তির কাছ থেকে তিনটি সিঙ্গল শর্টার, একটি সেভেন এমএম পিস্তল সহ প্রচুর কার্তুজ উদ্ধার হয়। ধৃতকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হবে।

***********************

সোনা পাপ্পুর মামলায় কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাস-কে আজ আবার তলব করেছে ইডি। গতকাল রাতেই ইডির তরফে তাঁর কাছে নোটিশ পাঠানো হয়। গত সপ্তাহে বালি পাচার মামলায় তাঁকে তলব করা হলেও সাড়া দেননি তিনি।

***********************

নির্বাচনে অশান্তি সৃষ্টি করতে পারে এমন আরও সাড়ে ৩০০ জনের তালিকা প্রকাশ করে তাদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের জন্য পুলিশ কে নির্বাচন কমিশন যে নির্দেশ

দিয়েছে সেই বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের দৃষ্টি আকর্ষণ করেছেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়। প্রধান বিচারপতি মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। এর আগে গত ২২ এপ্রিল কলকাতা হাইকোর্ট ৮০০ জন অশান্তি সৃষ্টিকারীর তালিকার উপর স্থগিতাদেশ দিয়েছিল। তবে প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চের নির্দেশ ছিল যদি এরা বেআইনি কিছু করে থাকে সেক্ষেত্রে আইন অনুযায়ী পদক্ষেপ করা যাবে, কিন্তু আগে থেকে গ্রেফতার করা যাবে না।

***********************

ISL ফুটবলের ম্যাচে আজ ইস্টবেঙ্গল, ওড়িশা এফসি-র বিরুদ্ধে খেলবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ৮ ম্যাচে চারটিতে জয়, তিনটি ড্র ও এক ম্যাচে পরাজিত হয়ে ১৫ পয়েন্ট সংগ্রহ করে ইস্টবেঙ্গল লিগ তালিকায় ষষ্ঠ স্থানে রয়েছে।

***********************

রাজ্যের বিভিন্ন জেলায় গত দুদিন ধরে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে। আজও দক্ষিণবঙ্গের পূর্ব বর্ধমান, নদীয়া, দুই ২৪ পরগনা জেলায় দমকা হাওয়া ও বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। ঝোড়ো হাওয়ার গতিবেগ কোথাও ৫০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। অন্যদিকে উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। মৎস্যজীবীদের আগামী শুক্রবার পর্যন্ত পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন উত্তর ওড়িশা উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে গত সন্ধ্যায় কলকাতা ও আশপাশের এলাকায় হালকা বৃষ্টি ও দমকা হাওয়া বয়ে যায়। গত দুদিন ধরে দিনের তাপমাত্রা কিছুটা কমলেও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের বেশি রয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক তিন ডিগ্রি বেশি।

************************************************************************